



৭ এপ্রিল ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

সোনাগাজীতে ছাত্রীর শ্রীলতাহানী ও গায়ে আগুন লাগিয়ে দেওয়ার ঘটনায় ব্লাস্টের গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ এবং দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তির দাবী

বিভিন্ন সংবাদ মাধ্যম হতে জানা যায়, গত ৬ এপ্রিল ২০১৯ ইং, ফেনীর সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা আলীম পরীক্ষা কেন্দ্রে ছাত্রী নুসরাত জাহান ওরফে রাফির (১৮) গায়ে আগুন ধরিয়ে হত্যার চেষ্টা করে দুর্বৃত্তরা। নির্যাতনের স্বীকার রাফিকে প্রথমে ফেনী সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এখন তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীন আছেন।

সংবাদ মাধ্যম হতে আরো জানা যায় যে, গত ২৭ মার্চ ২০১৯ ইং রাফির মায়ের দায়ের করা নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলায় অধ্যক্ষ কারাগারে প্রেরিত হন।

সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। এভাবে কোনো নারীকে হত্যার উদ্দেশ্যে আগুনে পোড়ানো, গুরুতর জখম, নারীর মর্যাদা ও সম্মানহানি, নারীর সাংবিধানিক অধিকারের লংঘন এবং দণ্ডবিধি বা পেনাল কোড ১৮৬০; নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩) অনুযায়ী ও দেশের প্রচলিত অন্যান্য আইন অনুযায়ী দণ্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ।

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর একটি প্রতিনিধি দল নির্যাতনের স্বীকার রাফিকে দেখতে যান এবং তার বাবার সাথে কথা বলেন। ব্লাস্ট রাফিকে যে কোন ধরনের আইনী সহায়তা প্রদান করবে।

উক্ত নির্যাতনের ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd